# বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

সাভার, ঢাকা

(www.bpatc.gov.bd)

পিপিআর অনুবিভাগ

**বিষয়: বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ২০২৪-২৫ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) প্রস্তুত সংক্রান্ত সভার কার্যবিবরণী**

সভাপতি: জনাব আব্দুর রউফ চৌধুরী
অতিরিক্ত সচিব (অবসরপ্রাপ্ত) ও সদস্য, এপিএ বিশেষজ্ঞ পুল, জনপ্রশাসন মন্ত্রণালয়
তারিখ: ০৪ এপ্রিল ২০২৪ (বৃহস্পতিবার)
সময়: সকাল ১০:০০ টা
স্থান: রেক্টর কনফারেন্স কক্ষ, আইটিসি, বিপিএটিসি
উপস্থিতি: পরিশিষ্ট - ক

সকলকে আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতরের শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করা হয়। আলোচনার শুরুতে এপিএ বিশেষজ্ঞ পুলের সদস্যগণকে এপিএ টিম লিডার, বিপিএটিসি কেন্দ্রে আগমনের জন্য স্বাগত জানান এবং এরপর তাঁরা সভায় উপস্থিত কেন্দ্রের অনুষদবর্গের সাথে পরিচিত হন। সভাপতি জানান জনাব মোঃ শাহজাহান আলী মোল্লা, সভাপতি, এপিএ বিশেষজ্ঞ পুল দেশের বাইরে অবস্থান করায় তাঁর পক্ষে সদস্যবৃন্দ সভাটি পরিচালনা করবেন। তিনি বিপিএটিসির ২০২৪-২৫ অর্থবছরের এপিএ প্রণয়নে মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট নীতিমালার সর্বোত্তম অনুসরণের নির্দেশনা প্রদান করেন। বিশেষত, বিপিএটিসি গৃহীত এপিএ কার্যক্রমে যেন সরকারের উন্নয়ন মহাপরিকল্পনাভুক্ত বিষয়সমূহের সংশ্লেষ থাকে সেদিকে গুরুত্ব দিতে অনুরোধ জানান।

অতঃপর সভায় পরিচালক (পিপিআর) ও এপিএ ফোকাল পয়েন্ট এপিএ বিশেষজ্ঞ পুলের সদস্যগণকে বিপিএটিসির ২০২৩-২৪ অর্থবছরের এপিএর সার্বিক চালচিত্র সম্পর্কে সংক্ষেপে অবহিত করেন এবং সভাপতির অনুমতিক্রমে তিনি কেন্দ্রের ২০২৪-২৫ অর্থবছরের প্রস্তাবিত খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সেকশন-৩ এর বিস্তারিত উপস্থাপন করেন। উপস্থিত সদস্যবৃন্দের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/পরামর্শ | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | সেকশন-৩ | | |
| ক | **বিপিএটিসির কোর্সসমূহের মাধ্যমে রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে নিযুক্ত কর্মচারীদের সক্ষমতার উন্নয়ন** | (১.১) চলতি অর্থবছরে বাংলাদেশ সিভিল সার্ভিসে নবনিযুক্ত কর্মচারীদের জন্য বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে ৬০২ জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। তৎপ্রেক্ষিতে, ৬০২ জনকে চলতিমান বিবেচনায় আগামী ২০২৪-২৫ অর্থবছরে অসাধারণ লক্ষ্যমাত্রা ৬০৫ জন এবং সংগতিপূর্ণভাবে অন্যান্য লক্ষ্যমাত্রা নির্ধারণের পরামর্শ প্রদান করা হয়। | (১.১) ২০২৪-২৫ অর্থবছরে বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অসাধারণ লক্ষ্যমাত্রা ৬০৫ জন নির্ধারণ করতে হবে; একইসাথে অন্যান্য লক্ষ্যমাত্রা সমন্বয় করতে হবে। | পিপিআর/ এসটিএন্ডআরসি/ টিওটি অনুবিভাগ |
| | | (১.২) উপসচিব, পুলিশ ও পররাষ্ট্র ক্যাডারের এবং সমপর্যায়ের সামরিক বাহিনীর কর্মচারীগণের জন্য উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্সে চলতি অর্থবছরে ১৯২ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। তবে, সভার | (১.২) ২০২৪-২৫ অর্থবছরে উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্সে অসাধারণ লক্ষ্যমাত্রা ১৯৫ জন নির্ধারণ করতে হবে। একইসাথে সঙ্গতিপূর্ণভাবে | |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/পরামর্শ | বাস্তবায়ন |
| --- | --- | --- | --- | --- |
| | | আলোচনা অনুযায়ী আগামী ২০২৪-২৫ অর্থবছরের বাস্তবতা বিবেচনায় অসাধারণ লক্ষ্যমাত্রা ১৯৫ জন এবং সংশ্লিষ্ট অন্যান্য লক্ষ্যমাত্রা নির্ধারণের পরামর্শ প্রদান করা হয়। | অন্যান্য লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে। | |
| | | (১.৩) যুগ্মসচিব এবং সমমানের কর্মচারীদের জন্য সিনিয়র স্টাফ কোর্সে চলতি অর্থবছরে ১৫৪ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। তাই, সার্বিক বিবেচনায় ও সভার আলোচনার প্রেক্ষিতে, আগামী ২০২৪-২৫ অর্থবছরে ১৬০ জনকে অসাধারণ লক্ষ্যমাত্রা এবং তৎসংশ্লিষ্ট অন্যান্য লক্ষ্যমাত্রা নির্ধারণের জন্য পরামর্শ প্রদান করা হয়। | (১.৩) ২০২৪-২৫ অর্থবছরে সিনিয়র স্টাফ কোর্সে অসাধারণ লক্ষ্যমাত্রা ১৬০ জন নির্ধারণ এবং একইসাথে সামঞ্জস্যপূর্ণভাবে অন্যান্য লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে। | |
| | | (১.৪) আগামী ২০২৪-২৫ অর্থবছরে এপিএ-তে নতুন কার্যক্রম হিসেবে 'বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স আয়োজন' এর লক্ষ্যমাত্রা অন্তর্ভুক্ত করা হয়েছে। এক্ষেত্রে, ১২০ জনকে অসাধারণ লক্ষ্যমাত্রা এবং কর্মসম্পাদন সূচকের মান ০৪ প্রস্তাব করা হয়। | (১.৪) বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স আয়োজন ও এক্ষেত্রে ১২০ জনকে অসাধারণ লক্ষ্যমাত্রা এবং কর্মসম্পাদন সূচকের মান ০৪ নির্ধারণ করতে হবে। | |
| | | (১.৫) 'পিপিএমসি ও স্বল্প মেয়াদি কোর্স' এবং (১.৬) 'প্রশিক্ষকদের জন্য টিওটি কোর্স আয়োজন' এর ক্ষেত্রে অসাধারণ লক্ষ্যমাত্রা যথাক্রমে ৫০ জন প্রশিক্ষণপ্রাপ্ত কর্মচারী এবং ০৪টি প্রশিক্ষণ কোর্স নির্ধারণের সুপারিশ করা হয়। | (১.৫) পিপিএমসি ও স্বল্প মেয়াদি কোর্স এর ক্ষেত্রে অসাধারণ লক্ষ্যমাত্রা হবে ৫০ জন প্রশিক্ষণপ্রাপ্ত কর্মচারী এবং<br><br>(১.৬) প্রশিক্ষকদের জন্য টিওটি কোর্স আয়োজন এর ক্ষেত্রে অসাধারণ লক্ষ্যমাত্রা হবে ০৪টি প্রশিক্ষণ কোর্স আয়োজন। | |
| খ | প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি | (২.১) বিপিএটিসির প্রশিক্ষণ সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্পের ক্রমপুঞ্জীভূত কার্যক্রম অব্যাহত রাখতে সভায় সহমত পোষণ করা হয় এবং আগামী অর্থবছরে তা ক্রমপুঞ্জীভূত হিসেবে বিবেচনায় নিয়ে ৬০% বাস্তব কার্যক্রম সম্পন্নকরণ করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। | (২.১) বিশেষজ্ঞ পুলের পরামর্শ অনুযায়ী আগামী ২০২৪-২৫ অর্থবছরে প্রকল্পের এ কার্যক্রমের অসাধারণ লক্ষ্যমাত্রা হবে ক্রমপুঞ্জীভূত হিসেব বিবেচনায় নিয়ে ৬০% বাস্তব কার্যক্রম সম্পন্নকরণ। | প্রকল্প অনুবিভাগ |
| | | (২.২) ক্রমে নতুন কার্যক্রম 'বিপিএটিসির লেকের সৌন্দর্য বর্ধন প্রকল্পের ২৫% বাস্তবায়ন' অন্তর্ভুক্ত করা হয় যার গণনা পদ্ধতি 'ক্রমপুঞ্জীভূত', কর্মসম্পাদন সূচকের মান ২.০০ প্রস্তাব করা হয়। | (২.২) বিপিএটিসির লেকের সৌন্দর্য বর্ধন প্রকল্পের ক্রমপুঞ্জীভূত ২৫% কার্যক্রম বাস্তবায়ন' অসাধারণ লক্ষ্যমাত্রা হিসেবে গৃহীত হবে। | |
| | | 'প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি' কর্মসম্পাদন ক্ষেত্রের আওতায় অন্তর্ভুক্ত (২.৩) 'কেন্দ্রের e-Repository-তে সংরক্ষণের জন্য রিসোর্সের ইলেকট্রনিক ভার্সন প্রস্তুতকরণ', (২.৪) 'বই/জার্নাল Koha সফটওয়্যারে এন্ট্রিকরণ', (২.৭) '৪টি আঞ্চলিক কেন্দ্রের মাধ্যমে সরকারের বিভিন্ন গ্রেডের কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান' ইত্যাদির ক্ষেত্রে ২০২৩-২৪ অর্থবছরের অসাধারণ লক্ষ্যমাত্রা/প্রকৃত অর্জনকে ২০২৪-২৫ | ২০২৪-২৫ অর্থবছরে (২.৩) কেন্দ্রের e-Repository-তে সংরক্ষণের জন্য রিসোর্সের ইলেকট্রনিক ভার্সন প্রস্তুতকরণ এর অসাধারণ লক্ষ্যমাত্রা হবে ১৫০০০ স্ক্যানকৃত পৃষ্ঠা;<br><br>(২.৪) বই/জার্নাল Koha সফটওয়্যারে এন্ট্রিকরণ এর | এলটিএ/ এসটিএন্ডআরসি অনুবিভাগ |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/পরামর্শ | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | অর্থবছরের চলতি মান হিসেবে বিবেচনায় নিয়ে নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহ সামঞ্জস্যপূর্ণ করার সুপারিশ প্রদান করা হয়। | অসাধারণ লক্ষ্যমাত্রা হবে ৬১০টি শিরোনাম:<br>(২.৭) ৪টি আঞ্চলিক কেন্দ্রের মাধ্যমে সরকারের বিভিন্ন গ্রেডের কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান এর অসাধারণ লক্ষ্যমাত্রা হবে ৫০০০ জন প্রশিক্ষিত কর্মচারী। | |
| | | 'প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি' কর্মসম্পাদন ক্ষেত্রের আওতায় (২.৫) 'লোক-প্রশাসন সাময়িকীর পুরানো ইস্যুসমূহের গবেষণা প্রবন্ধের ইলেকট্রনিক ভার্সন প্রস্তুতকরণ করে কেন্দ্রের জার্নাল পোর্টালে প্রকাশ', (২.৬) 'বাংলাদেশ লোক-প্রশাসন পত্রিকার পুরোনো সংখ্যাসহ চলতি ইস্যুসমূহের ইলেকট্রনিক ভার্সন প্রস্তুতকরণ', (২.৮) 'প্রস্তাবিত রংপুর ও ময়মনসিংহ আরপিএটিসি'র মাস্টারপ্ল্যান প্রস্তুতকরণ', (২.১১) 'কেন্দ্রের ১০-১৬ গ্রেডভুক্ত সকল কর্মচারীর ছবি ও দাপ্তরিক পরিচিতি তথ্যবাতায়নে প্রকাশ' এবং (২.১২) 'একটি প্রশিক্ষণ কোর্সের ট্রান্সক্রিপ্ট (Marksheet) অনলাইন/ইআরপি'র মাধ্যমে প্রকাশ ও স্ব স্ব প্রশিক্ষণার্থীদের মাঝে বিতরণ' শিরোনামে নতুন কার্যক্রম অন্তর্ভুক্তকরণের প্রস্তাব এপিএ বিশেষজ্ঞ পুল কর্তৃক পর্যালোচনার পর গৃহীত হয়। | নতুন প্রস্তাবিত (২.৫) লোক-প্রশাসন সাময়িকীর পুরানো ইস্যুসমূহের গবেষণা প্রবন্ধের ইলেকট্রনিক ভার্সন প্রস্তুতকরণ করে কেন্দ্রের জার্নাল পোর্টালে প্রকাশ এর অসাধারণ লক্ষ্যমাত্রা হবে ৫০% গবেষণা প্রবন্ধের ইলেকট্রনিক ভার্সন পোর্টালে প্রকাশিত।<br><br>(২.৬) বাংলাদেশ লোক-প্রশাসন পত্রিকার পুরোনো সংখ্যাসহ চলতি ইস্যুসমূহের ইলেকট্রনিক ভার্সন প্রস্তুতকরণ এর অসাধারণ লক্ষ্যমাত্রা হবে ৫০% ইস্যুসমূহের ইলেকট্রনিক ভার্সন প্রস্তুতকৃত।<br><br>(২.৮) এর অসাধারণ লক্ষ্যমাত্রা হবে ১২/৬/২০২৫ তারিখের মধ্যে প্রস্তুতকৃত মাস্টারপ্ল্যান।<br><br>(২.১১) এর অসাধারণ লক্ষ্যমাত্রা হবে ১৫/০৬/২০২৫ তারিখের মধ্যে ১০-১৬ গ্রেডভুক্ত সকল কর্মচারীর ছবি ও দাপ্তরিক পরিচিতি তথ্যবাতায়নে প্রকাশিত এবং<br><br>(২.১২) এর অসাধারণ লক্ষ্যমাত্রা হবে ১২/০৬/ ২০২৫ তারিখের মধ্যে একটি প্রশিক্ষণ কোর্সের ট্রান্সক্রিপ্ট/ মার্কশিট ইআরপি'র মাধ্যমে ইস্যুকৃত। | এলটিএ/ এসটিএন্ডআরসি/প্রশাসন/মূল্যায়ন অনুবিভাগ |
| | | 'প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি' কর্মসম্পাদন ক্ষেত্রের আওতায় ২০২৩-২৪ অর্থবছরে প্রস্তাবিত কেন্দ্রের নিয়োগ (২.৯) এবং বিপিএটিসির প্রণয়নকৃত আইটি মাস্টার প্ল্যানের স্বল্পমেয়াদি অংশের বাস্তবায়ন সংশ্লিষ্ট কার্যক্রমের (২.১০) সময়বান্ধব পরিবর্তন সুপারিশ করা হয়। এক্ষেত্রে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত নির্দেশিকা অনুসরণের নির্দেশনা দেয়া হয়। | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত নির্দেশিকা অনুযায়ী (২.৯) ২০২৪ সনের ৩০ জুন তারিখে বিদ্যমান ৯ম-২০তম গ্রেডের শূন্য পদের বিপরীতে নিয়োগ/পদোন্নতির মাধ্যমে শূন্যপদ পূরণ শীর্ষক কার্যক্রমটি মোট তিনটি ধাপে বিভক্ত থাকবে। যেমন- *নিয়োগ* | প্রশাসন/আইটি অনুবিভাগ |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/পরামর্শ | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | | বিজ্ঞপ্তি প্রকাশ, নিয়োগ পরীক্ষা আয়োজন এবং নিয়োগ পরীক্ষার চূড়ান্ত ফল প্রকাশ ফলে, কর্মসম্পাদন সূচকের মান তিনটি ধাপ মিলিয়ে মোট ০৩ (তিন) হবে।<br><br>(২.১০) এর ক্ষেত্রে পরিবর্তিত কার্যক্রম হবে 'বিপিএটিসির প্রণয়নকৃত আইটি মাস্টার প্ল্যানের স্বল্পমেয়াদি পরিকল্পনাভুক্ত মোট ৪০টি কার্যক্রমের মধ্যে ১২টি কার্যক্রম বাস্তবায়ন' এবং গণনা পদ্ধতি হবে 'সংখ্যা'। | |
| | | 'প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি' কর্মসম্পাদন ক্ষেত্রে আওতায় ২০২৩-২৪ অর্থবছরে সম্পন্ন হয়েছে/হবে বিধায় 'আরপিএটিসি'র প্রশিক্ষণ মূল্যায়ন নীতিমালা প্রণয়ন', 'ময়মনসিংহ আরপিএটিসির জন্য ৫.০০ একর ভূমি অধিগ্রহণ', 'বিপিএটিসি ইআরপি-এর আপগ্রেডেশন ও কাস্টমাইজেশন (ই-ক্লিনিক ম্যানেজমেন্ট ও গবেষণা ম্যানেজমেন্ট মডিউল চালুকরণ)', 'মাইক্রোসফট সিস্টেম সেন্টার এর ইন্সটলেশন এবং একটিভ ডাইরেক্টরি কনফিগারেশন' শীর্ষক কার্যক্রমসমূহ ২০২৪-২৫ অর্থবছরে বাদ দেয়ার প্রস্তাব করা হয়। | উল্লেখিত কার্যক্রমসমূহ ২০২৩-২৪ অর্থবছরে সম্পন্ন হবে বিধায় এপিএ থেকে বাদ দেয়া হবে। | এপিএ টিম |
| গ | গবেষণা ও প্রকাশনা কার্যক্রম জোরদারকরণ | 'গবেষণা ও প্রকাশনা কার্যক্রম জোরদারকরণ' কর্মসম্পাদন ক্ষেত্রের আওতায় অন্তর্ভুক্ত (৩.১) '২০২৫-২৬ অর্থবছরের গবেষণা প্রস্তাবের চূড়ান্ত অনুমোদন', (৩.২) 'পূর্বে গৃহীত গবেষণা প্রতিবেদনের চূড়ান্ত অনুমোদন', (৩.৩) 'চূড়ান্ত অনুমোদিত গবেষণা প্রতিবেদন ই-রিপজেটরিতে প্রকাশ', (৩.৪) 'বিগত অর্থবছরের সম্পাদিত গবেষণার Key Findings and Recommendations (সুপারিশমালা শব্দটি নতুন অন্তর্ভুক্ত) পলিসি ব্রিফ আকারে প্রকাশ', (৩.৫) 'বিগত অর্থবছরের সম্পাদিত গবেষণার Key Findings and Recommendations বিষয়ে অবহিতকরণ সেমিনার (Dissemination Seminar) আয়োজন', (৩.৬) 'প্রশিক্ষণ বর্ষপঞ্জি ২০২৫-২০২৬ প্রকাশ (বিপিএটিসি ও আরপিএটিসিসমূহের)' এবং (৩.৭) 'BJPA জার্নাল এর ২টি ইস্যু প্রকাশ, ১টি বাংলাদেশ লোক প্রশাসন পত্রিকা ও ৪টি নিউজলেটার প্রকাশ' ইত্যাদির ক্ষেত্রে ২০২৩-২৪ অর্থবছরের অসাধারণ লক্ষ্যমাত্রা/প্রকৃত অর্জনকে ২০২৪-২৫ অর্থবছরের চলতি মান হিসেবে বিবেচনায় নিয়ে নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহ সামঞ্জস্যপূর্ণ করার সুপারিশ প্রদান করা হয়। | (৩.১) এর অসাধারণ লক্ষ্যমাত্রা হবে ১৫/০৬/২০২৫ তারিখের মধ্যে গবেষণা প্রস্তাবের চূড়ান্ত অনুমোদন;<br><br>(৩.২) এর লক্ষ্যমাত্রা হবে ৫টি চূড়ান্ত অনুমোদিত গবেষণা প্রতিবেদন;<br><br>(৩.৩) এর অসাধারণ লক্ষ্যমাত্রা হবে ৫টি গবেষণা প্রতিবেদন ই-রিপজেটরিতে প্রকাশিত;<br><br>(৩.৪) এর অসাধারণ লক্ষ্যমাত্রা হবে ২৫/১১/ ২০২৪ তারিখের মধ্যে প্রকাশিত পলিসি ব্রিফ;<br><br>(৩.৫) এর অসাধারণ লক্ষ্যমাত্রা ৫টি অবহিতকরণ কর্মশালা আয়োজিত;<br><br>(৩.৬) এর অসাধারণ লক্ষ্যমাত্রা হবে ১৫/০৬/ ২০২৫ তারিখের মধ্যে ছাপাকৃত/অনলাইনে প্রকাশিত প্রশিক্ষণ বর্ষপঞ্জি এবং | গবেষণা/ পিপিআর/ এসটিএন্ডআরসি অনুবিভাগ |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/পরামর্শ | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | | (৩.৭) এর ক্ষেত্রে অসাধারণ লক্ষ্যমাত্রা হবে BJPA জার্নাল এর ২টি ইস্যু প্রকাশ, ১টি বাংলাদেশ লোক প্রশাসন পত্রিকা ও ৪টি নিউজলেটার প্রকাশ। | |
| | | 'গবেষণা ও প্রকাশনা কার্যক্রম জোরদারকরণ' কর্মসম্পাদন ক্ষেত্রের আওতায় (৩.৮) 'কোর কোর্সের কারিকুলাম বাংলা ভাষায় অনূদিতকরণ', (৩.৯) 'কোর কোর্সের কারিকুলাম আধুনিকায়ন' এবং (৩.১০) 'সংক্ষিপ্ত প্রশিক্ষণ কোর্সের কারিকুলাম প্রণয়ন' শিরোনামে নতুন কার্যক্রম অন্তর্ভুক্তকরণের প্রস্তাব এপিএ বিশেষজ্ঞ পুল কর্তৃক পর্যালোচনার পর গৃহীত হয়। | নতুন প্রস্তাবিত (৩.৮) এর অসাধারণ লক্ষ্যমাত্রা হবে ২০/০৬/২০২৫ তারিখের মধ্যে অনূদিত কারিকুলাম প্রণয়ন;<br><br>(৩.৯) এর অসাধারণ লক্ষ্যমাত্রা হবে হালনাগাদকৃত কোর্স কারিকুলাম আধুনিকায়ন এবং<br><br>(৩.১০) এর অসাধারণ লক্ষ্যমাত্রা হবে সংক্ষিপ্ত প্রশিক্ষণ কোর্সের প্রণয়নকৃত কারিকুলাম। | পিপিআর/ পরিমাণগত পদ্ধতি/আচরণ বিজ্ঞান/লোক-প্রশাসন অনুবিভাগ/এপিএ টিম |
| | | এ কর্মসম্পাদন ক্ষেত্রের আওতায় ২০২৩-২৪ অর্থবছরে সম্পন্ন হবে বিধায় 'কেন্দ্রের ১টি কোর কোর্সের প্রভাব নিরূপণ (Impact Analysis)' কার্যক্রমটি বাদ দেয়ার প্রস্তাব করা হয়। | উল্লেখিত 'কেন্দ্রের ১টি কোর কোর্সের প্রভাব নিরূপণ (Impact Analysis)' কার্যক্রমটি ২০২৩-২৪ অর্থবছরে সম্পন্ন হবে বিধায় এপিএ থেকে বাদ দেয়া হবে। | |
| ঘ | সেমিনার, কনফারেন্স, ওয়ার্কশপ ও প্রশিক্ষণের মাধ্যমে মানবসম্পদের সক্ষমতার উন্নয়ন | 'সেমিনার, কনফারেন্স, ওয়ার্কশপ ও প্রশিক্ষণের মাধ্যমে মানবসম্পদের সক্ষমতার উন্নয়ন' কর্মসম্পাদন ক্ষেত্রের আওতায় অন্তর্ভুক্ত (৪.১) 'সেমিনার/ওয়ার্কশপ/কনফারেন্স/লার্নিং সেশন আয়োজন', (৪.২) 'বিপিএটিসি'র নিজস্ব কর্মচারীদের (১১-২০ গ্রেড) জন্য ৬০ ঘন্টার প্রশিক্ষণ আয়োজন' এবং (৪.৫) 'প্রশিক্ষণের গুণগত মানোন্নয়নে আঞ্চলিক কার্যালয়ে ব্যবহৃত রিসোর্স পার্সন পুলের তালিকাভুক্ত প্রশিক্ষকদের সাথে কর্মশালা আয়োজন' ইত্যাদির ক্ষেত্রে ২০২৩-২৪ অর্থবছরের অসাধারণ লক্ষ্যমাত্রা/প্রকৃত অর্জনকে ২০২৪-২৫ অর্থবছরের চলতি মান হিসেবে বিবেচনায় নিয়ে নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহ সামঞ্জস্যপূর্ণ করার সুপারিশ প্রদান করা হয়। | সভার সুপারিশ অনুযায়ী (৪.১) এর অসাধারণ লক্ষ্যমাত্রা হবে ১৪টি সম্পন্নকৃত সেমিনার/ওয়ার্কশপ/কনফারেন্স/ লার্নিং সেশন;<br><br>(৪.২) এর অসাধারণ লক্ষ্যমাত্রা হবে কর্মচারীদের ৬০ ঘন্টা প্রশিক্ষণ প্রদান এবং<br><br>(৪.৫) এর অসাধারণ লক্ষ্যমাত্রা হবে ৪টি কর্মশালার আয়োজন। | পিপিআর/ এসটিএন্ডআরসি/টিওটি/আন্তর্জাতিক কর্মসূচী অনুবিভাগ/আরপিএটিসিসমূহ |
| | | এ কর্মসম্পাদন ক্ষেত্রের আওতায় (৪.৩) 'বিপিএটিসি'র নিজস্ব ১০ গ্রেডভুক্ত কর্মচারীদের জন্য ৬০ ঘন্টার প্রশিক্ষণ আয়োজন' এবং (৪.৪) 'যে সকল বিভাগে আরপিএটিসি নেই সে সকল বিভাগে ০৫ (পাঁচ) দিনের সংক্ষিপ্ত প্রশিক্ষণ কোর্স আয়োজন' শিরোনামে নতুন কার্যক্রম অন্তর্ভুক্তকরণের প্রস্তাব এপিএ বিশেষজ্ঞ পুল কর্তৃক পর্যালোচনার পর গৃহীত হয়। | নতুন প্রস্তাবিত (৪.৩) এর অসাধারণ লক্ষ্যমাত্রা হবে ১০ গ্রেডভুক্ত কর্মচারীদের জন্য ৬০ ঘন্টার প্রশিক্ষণ আয়োজন এবং | |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/পরামর্শ | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | | (৪.৪) এর অসাধারণ লক্ষ্যমাত্রা হবে ৪টি (পাঁচ) দিনের সংক্ষিপ্ত প্রশিক্ষণ কোর্স আয়োজন। | |

০২। বিস্তারিত আলোচনার পর উপস্থাপিত প্রস্তাবনা/পরামর্শসমূহ কেন্দ্রের ২০২৪-২৫ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অন্তর্ভুক্তকরণের অনুরোধ জানিয়ে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৪.০৪.২০২৪

(আব্দুর রউফ চৌধুরী)
অতিরিক্ত সচিব (অবসরপ্রাপ্ত)
সদস্য, এপিএ বিশেষজ্ঞ পুল
জনপ্রশাসন মন্ত্রণালয়

কার্যবিবরণী নং-০৫.০১.২৬৭২.১৩৩.০৫.১০৭.২৩. ১৫৯ | তারিখ: ০৪ এপ্রিল ২০২৪

অনুলিপি- সদয় জ্ঞাতার্থে ও (প্রযোজ্য ক্ষেত্রে) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জনাব মোঃ শাহজাহান আলী মোল্লা, সচিব (অবসরপ্রাপ্ত) ও সভাপতি, এপিএ বিশেষজ্ঞ পুল, জনপ্রশাসন মন্ত্রণালয়;
২। জনাব মোঃ ফিরোজ মিয়া, অতিরিক্ত সচিব (অবসরপ্রাপ্ত) ও সদস্য, এপিএ বিশেষজ্ঞ পুল, জনপ্রশাসন মন্ত্রণালয়;
৩। এমডিএস (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা;
৪। সদস্য (সকল) এপিএ টিম, বিপিএটিসি, সাভার, ঢাকা;
৫। পরিচালক (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা;
৬। জনাব.............................................................................................................;
৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৮। রেক্টরের একান্ত সচিব (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য), বিপিএটিসি, সাভার, ঢাকা;
৯। সংশ্লিষ্ট নথি।

০৪/০৪/২০২৪

(হাসান মুর্তজা মাসুম)
পরিচালক (পিপিআর)
ও
ফোকাল পয়েন্ট, এপিএ টিম
বিপিএটিসি